আজকের কাগজ

তারিখ 29 AUG 1993

পৃষ্ঠা ২ কলাম ৪

15

# উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি সমস্যা সমাধান দাবি

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন নেতারা উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি সমস্যা সমাধানের লক্ষ্যে অবিলম্বে সরকারি কলেজসমূহে দুই শিফট চালু ও আরো অধিক কলেজ নির্মাণের জোর দাবি জানিয়ে অভিযোগ উত্থাপন করে বলেছেন, এবার এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে ৪ লাখ ছাত্র-ছাত্রী দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে আসন রয়েছে ৩ লাখ- অথচ বাকী ১ লাখ ছাত্র-ছাত্রী কোথায় ভর্তি হবে এবং কেমন করে পড়াশুনা করবে সে বিষয়ে সরকার এবং জাতীয় সংসদ নীরব। নেতারা এ সমস্যা সমাধানে জরুরি পদক্ষেপ গ্রহণ করতে সরকারের প্রতি আহবান জানিয়েছেন।

গতকাল দুপুরে জাতীয় প্রেস ক্লাবের সামনে সংগঠন আয়োজিত সমাবেশে নেতারা বক্তব্য রাখছিলেন। সংগঠনের সভাপতি কেন্দ্রিয় গণতান্ত্রিক ছাত্র ঐক্যের নেতা রুহিন হোসেন প্রিন্স-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন- ছাত্র নেতা কাজী সাজ্জাদ জহির চন্দন, আসলাম খান, পথিক সাহা, কে এস মং ও ফজলে আমীন রুবেল। সমাবেশ থেকে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি সমস্যা সমাধানের দাবিতে আগামী ২ সেপ্টেম্বর সকল জেলা, থানা সদরে বিক্ষোভ মিছিল ও সমাবেশের কর্মসূচি ঘোষণা করা হয়। খবর বিজ্ঞপ্তির।